গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬
(শিক্ষা ও সামাজিক)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নম্বর ২১.০০.০০০০.১৫৬.১৪.০৪১.১৮ - ৩৪৬

১৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ: ------------------------
২৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **"ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পের পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।**

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক) এর মহাপরিচালক বেগম নাসিমা মহসিন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পের কার্যক্রম ২০ আগস্ট ২০১৮ সরেজমিনে পরিদর্শন করেন । উক্ত পরিদর্শন ও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত পরিবীক্ষণ প্রতিবেদনের কপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এ সংগে প্রেরণ করা হলো। উক্ত প্রতিবেদনে প্রদত্ত সুপারিশসমূহ নিম্নরুপ :

- জুলাই ২০১৮ পর্যন্ত প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ১৯৮.৬৮ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ০.২৯% । অনুমোদিত ডিপিপির বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে প্রকল্পের ১ম বছরে অর্থাৎ জুন ২০১৮ পর্যন্ত ২০৮৩৭.৮০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ছিল। জুন ২০১৮ পর্যন্ত লক্ষ্যমাত্রা অপেক্ষা ২০৬৩৯.১২ লক্ষ টাকা কম ব্যয় সম্পন্ন হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে উক্ত ঘাটতি পুরণপূর্বক চলমান অর্থ বছরের লক্ষ্যমাত্রা পুরণের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ;
- ২০১৭-১৮ অর্থ বছরে এবং জুলাই ২০১৮ মাসে কর্মচারীদের বেতন বাবদ কোন ব্যয় সম্পন্ন হয়নি। এ বিষয়ে জানতে চাইলে উপপ্রকল্প পরিচালক জানান যে উল্লিখিত সময়ে কর্মচারী নিয়োগ করা হয়নি বিধায় কোন ব্যয় সম্পন্ন হয়নি। অবিলম্বে প্রকল্পের জন্য কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে। কারণ ঘাটতি জনবল দ্বারা প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করা কষ্টকর হবে ;
- পরিদর্শনের সময় পর্যন্ত ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্ন হয়নি বিধায় প্রকল্পের নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি। দ্রুততম সময়ের মধ্যে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্নের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা/সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ;
- ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ডিপিপির বাৎসরিক বরাদ্দ অপেক্ষা ২০৬১১.৮০ লক্ষ টাকা কম বরাদ্দ প্রদান করা হয়। অনুরুপভাবে ২০১৮-১৯ অর্থ বছরে এডিপিতে ডিপিপির বাৎসরিক বরাদ্দ অপেক্ষা ১৯২১৮.৮৪ লক্ষ টাকা কম বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজন হলে আরও বরাদ্দের প্রয়োজন হবে। সেক্ষেত্রে আরএডিপিতে চাহিদা অনুসারে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা/সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে ;
- অনুমোদিত ডিপিপির বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৮-১৯ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের প্রক্রিয়া সম্পন্নপূর্বক পূর্তকাজ শুরু করার জন্য নির্ধারিত আছে। উক্ত সময়ের মধ্যে আবশ্যিকভাবে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের প্রক্রিয়া সম্পন্ন করে পূর্তকাজ শুরু করার বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে ;
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে স্কুল ভবনের নক্সা প্রণয়ন/অনুমোদনকালে টানা বারান্দা এবং ঘুলঘুলির সংস্থান আবশ্যিকভাবে রাখতে হবে ;
- অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর সভা ৩ মাস অন্তর অনুষ্ঠানের সংস্থান আছে। কিন্তু এ যাবত প্রকল্পের কোন স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর কোন সভা অনুষ্ঠিত হয়নি। অতএব দ্রুত স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা বাঞ্ছনীয় হবে ; এবং
- এ যাবত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি বিধায় যথাসময়ে তা সম্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে ।

২। উপরোক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ মাসের মধ্যে অবহিত করতে হবে।

২৮/০৮/১৮
(জুয়েল রানা)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১০৩৪১৬

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| | |
|---|---|
| সমন্বয় - ১ | |
| সমন্বয় - ২ | |
| সমন্বয় - ৩ | |
| সমন্বয় - ৪ | |
| কাউন্সিল অফিসার | |
| বিকল্প কাউন্সিল অফিসার | |
| সিনিয়র প্রোগ্রামার | |
| প্রোগ্রামার (সংযুক্ত) | |
| পি,এ | |

১৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
নম্বর ২১.০০.০০০.১৫৬.১৪.০৪১.১৮ - ১৪৬ তারিখ: ------------------------
২৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :**

১। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, "ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" প্রকল্প, শিক্ষা ভবন, ২য় ব্লক, রুম নম্বর-৭০৫, ১৬, নবাব আব্দুল গনি রোড, ঢাকা।
৪। পরিচালক (সমন্বয় ও এমআইএস), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। উপপরিচালক (শিক্ষা) ও সেক্টর সমন্বয়কারী, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, ঢাকা।

২৮/০৮/১৮
(জুয়েল রানা)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১০৩৪১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

প্রকল্প পরিবীক্ষণ ছক

পরিদর্শনের তারিখ : ২০ আগস্ট ২০১৮

পরিদর্শনকারী কর্মকর্তার নাম : নাসিমা মহসিন, পদবী : মহাপরিচালক (যুগ্মসচিব), সেক্টর : পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

## ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১। প্রকল্পের নাম : "ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" প্রকল্প

২। প্রকল্পের ধরন : বিনিয়োগ

৩।

৩.১। অর্থায়নের উৎস : জিওবি

৩.২। উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়

৪।

৪.১। উদ্যোগী মন্ত্রণালয় / বিভাগ : শিক্ষা মন্ত্রণালয় / মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪.২। বাস্তবায়নকারী সংস্থা : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৫। (ক) প্রকল্পব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত : (লক্ষ টাকায়)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (..) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্রঃসাঃ | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৬৭৩৪৬.৪৬ | ৬৭৩৪৬.৪৬ | - | - | ১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত | ১৭ অক্টোবর ২০১৭ | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভুত ব্যয় বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভুত মেয়াদ বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়

৬। প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে) :

| বিভাগ | জেলা | উপজেলা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন / পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ৩টি | ৩টি | - |
| ঢাকা | নারায়নগঞ্জ | ১টি | | - |

৭। প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত) :

- ঢাকা শহর সন্নিকটবর্তী মাধ্যমিক পর্যায়ে অতিরিক্ত ২৭০০ সংখ্যক শিক্ষার্থীর ভর্তি সুযোগ সৃষ্টি ;
- ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকার মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বর্তমান চাহিদার আলোকে শিক্ষা উপকরণসহ প্রয়োজনীয় অবকাঠামো তৈরী ;
- ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ক্রমবর্ধমান জনগণের জন্য গুণগত শিক্ষার চাহিদা পূরণ ; এবং
- ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় শিক্ষার গুণগত ও পরিমাণগত মান উন্নয়ন।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য :

৮। অঙ্গভিত্তিক অগ্রগতি : (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | একক | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের জুলাই ২০১৮ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | | ৬ | | ৭ | |
| | | | বাস্তব (পরিমাণ /সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১) | কর্মকর্তাদের বেতন | সংখ্যা | ৫ জন | ১০৩.৬৪ | ৫ জন | ৬.৭৩ (৬.৪৯%) | - | - | ৫ জন | ৪.৬৩ (৪.৪৬%) |
| ২) | কর্মচারীদের বেতন | সংখ্যা | ৩ জন | ২৬.৯২ | - | - | - | - | ২ জন | ০.৩১ (১.১৫%) |
| ৩) | ভাতাদি | সংখ্যা | ৮ জন | ৮৬.৫১ | ৫ জন | ৪.৪৬ (৫.১৫%) | - | - | ৭ জন | ৪.৫২ (৫.২২%) |
| ৪) | ইনক্রিমেন্টাল রেকারেন্ট কস্ট | সংখ্যা | ৮ জন | ২১.৭১ | - | - | - | - | - | - |
| ৫) | অপারেশন কস্ট | থোক | থোক | ১৫৮.৭৭ | থোক | ১১.২১ (৭.০৬%) | - | - | থোক | ১.৯৩ (১.২১%) |
| ৬) | যানবাহন | থোক | থোক | ৩.০০ | থোক | ০.৩৮ (১২.৬৬%) | - | - | - | - |
| ৭) | আসবাবপত্র | থোক | থোক | ০.৯০ | - | - | - | - | - | - |
| ৮) | কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী | থোক | থোক | ১.৫০ | - | - | - | - | - | - |
| ৯) | অফিস সরঞ্জামাদি | থোক | থোক | ১.৫০ | - | - | - | - | - | - |
| ১০) | যানবাহন (পিআইইউ) | সংখ্যা | ২টি | ১৩৫.০০ | ২টি | ১৩৪.৫৭ (৯৯.৬৮%) | - | - | - | - |
| ১১) | কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী (পিআইইউ) | সংখ্যা | ৪২টি | ১২.৩৯ | ৪২টি | ১১.৩৮ (৯১.৮৪%) | - | - | - | - |
| ১২) | কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী (স্কুল) | সংখ্যা | ৯১৬০টি | ১৪৮৯.৯৮ | - | - | - | - | - | - |
| ১৩) | ইকুইপমেন্ট (পিআইইউ) | সংখ্যা | ১৫টি | ১১.৬৬ | ১৫টি | ৯.৬৯ (৮৩.১০%) | - | - | - | - |
| ১৪) | ইকুইপমেন্ট (স্কুল) | সংখ্যা | ২১০টি | ১৬৬.৯০ | - | - | - | - | - | - |
| ১৫) | আসবাবপত্র (পিআইইউ) | সংখ্যা | ৬৪টি | ১০.২৯ | ৬৪টি | ৮.৮৭ (৮৬.২০%) | - | - | - | - |
| ১৬) | আসবাবপত্র (স্কুল) | সংখ্যা | ৩৪০৬০ টি | ২২২৭.২৮ | - | - | - | - | - | - |
| ১৭) | অন্যান্য উপকরণ (স্কুল) | সংখ্যা | ৬০টি | ২৭০.০০ | - | - | - | - | - | - |
| ১৮) | ভূমি অধিগ্রহণ | পরিমাণ | ২০ একর | ৪০০০০.০০ | - | - | - | - | - | - |
| ১৯) | ভূমি উন্নয়ন | পরিমাণ | ১০ একর | ২০০.০০ | - | - | - | - | - | - |
| ২০) | পূর্ত কাজ | সংখ্যা | ৫০টি | ২১০৯৮.০০ | - | - | - | - | - | - |
| ২১) | ফিজিক্যাল কন্টিনজেন্সি | শতকরা হার | ১% | ৬৬০.২৬ | - | - | - | - | - | - |
| ২২) | প্রাইস কন্টিনজেন্সি | শতকরা হার | ১% | ৬৬০.২৬ | - | - | - | - | - | - |
| | **সর্বমোট** | | | ৬৭৩৪৬.৪৬ | | ১৮৭.২৯ (০.২৭%) | - | - | - | ১১.৩৯ (০.০১৬%) |

সূত্র : প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক সরবরাহকৃত।

৯। অর্থ বছর ভিত্তিক ডিপিপির সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা :

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | ডিপিপি সংস্থান | এডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৭-১৮ | ২০৮৩৭.৮০ | ২২৬.০০ | ২০৮.০০ (৯২%) | ১৮৭.২৯ (৯০%) |
| ২০১৮-১৯ | ৩১২১৮.৮৪ | ১২০০০.০০ | ৩০০০.০০ (২৫%) | ১১.৩৯ (০.৩৭%) |

সূত্র : প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক সরবরাহকৃত।

১০। (ক) ডিপিপি-তে মোট প্যাকেজ সংখ্যা : অনুমোদিত ডিপিপির প্রকিউরমেন্ট পরিকল্পনায় পণ্য সংক্রান্ত ৮টি প্যাকেজ এবং কার্য সংক্রান্ত ৫টি প্যাকেজ অন্তর্ভুক্ত আছে। তন্মধ্যে প্রকল্পের পিআইইউ এর জন্য ২টি যানবাহন, ৪২টি কম্পিউটার, ১৫টি সরঞ্জামাদি ও ৬৪ সংখ্যক আসবাবপত্র ৪টি প্যাকেজের আওতায় সংগ্রহ করা হয়েছে।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য : (লক্ষ টাকায়)

| প্যাকেজ (১,২,৩ ...) | দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| জিডি-১ (১টি জীপ ও ১টি মাইক্রোবাস সংগ্রহ) | ২৯ মার্চ ২০১৮, ১৩৫.০০ | ৮ এপ্রিল ২০১৮, ১৩৪.৫৭ | ৮ মে ২০১৮ | ৮ মে ২০১৮ | বাস্তবায়িত |
| জিডি-২ (৪২টি কম্পিউটার ও এক্সেসরিজ সংগ্রহ) | ২৯ মে ২০১৮, ১২.৩৯ | ২৫ জুন ২০১৮, ১১.৩৮ | ১৯ জুলাই ২০১৮ | ৩০ জুন ২০১৮ | বাস্তবায়িত |
| জিডি-৩ (১৫টি অফিস সরঞ্জামাদি সংগ্রহ) | ২৯ মে ২০১৮, ১১.৬৬ | ২৫ জুন ২০১৮, ৯.৬৯ | ১৯ জুলাই ২০১৮ | ৩০ জুন ২০১৮ | বাস্তবায়িত |
| জিডি-৪ (৬৪ সংখ্যক আসবাবপত্র সংগ্রহ) | ১৫ মে ২০১৮, ১০.২৯ | ২৪ মে ২০১৮ ৮.৮৭ | ২৪ জুন ২০১৮ | ২৪ জুন ২০১৮ | বাস্তবায়িত |
| মোট | ১৬৯.৩৪ | ১৬৪.৫১ | | | |

সূত্র : প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক সরবরাহকৃত।

অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত মূল্য ও চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উপরোক্ত ৪টি প্যাকেজের আওতায় মালামালসমূহ সংগ্রহ করা হয়েছে মর্মে দেখা যায়।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) :

| প্রকল্প পরিচালক এর আইডি নম্বর | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পে প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| ড. মোঃ আমিরুল ইসলাম | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | ২০ ডিসেম্বর ২০১৭ থেকে অদ্যাবধি। | নিয়মিত | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

১২। ভূমি অধিগ্রহণ, **Reselttlement Utility** সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে) : ১০টি মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য ঢাকা ও নারায়ণগঞ্জ জেলার ১০টি এলাকায় ভূমি প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছে। তন্মধ্যে ৩টি ভূমি ঢাকার সাভার উপজেলার হেমায়েতপুর, নবীনগর ও ইপিজেড/আশুলিয়া এলাকায়, ১টি ধামরাই উপজেলায়, ১টি কেরাণীগঞ্জ উপজেলায়, ১টি ঢাকার খিলক্ষেতের জোয়ারসাহারায়, ১টি ঢাকার ভাটারায় থানার সাতারকুল এলাকায়, ১টি ঢাকার পূর্বাচল এলাকায়, ১টি নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ উপজেলার ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে ও ১টি নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ উপজেলার সাইনবোর্ড এলাকায় অবস্থিত। কেরাণীগঞ্জ উপজেলার জায়গাটি খাস খতিয়ানভুক্ত এবং পূর্বাচলের জায়গাটি রাজউক এর আওতাভুক্ত হওয়ার কারণে ৯৯ বছর মেয়াদী লিজ গ্রহণের কার্যক্রম গ্রহণ করা হবে। অন্যান্য ৮টি জায়গার ভূমি অধিগ্রহণের মাধ্যমে গ্রহণ করা হবে। বর্ণিত ১০টি জায়গা চিহ্নিতকরণের জন্য ১১ সদস্য বিশিষ্ট একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে এবং এ কমিটি ইতোমধ্যে ১০টি জায়গা প্রাথমিকভাবে চিহ্নিত করেছে বলে প্রকল্প কার্যালয় থেকে জানানো হয়। যে ৮টি জায়গা অধিগ্রহণের মাধ্যমে গ্রহণ করা হবে সেগুলির প্রত্যেকটির জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যলয় থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করা হয়েছে।

১৩। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য : এ যাবত প্রকল্পের কোন অডিট কার্যক্রম সম্পাদিত হয়নি বলে জানা যায়।

১৪। স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত : এ যাবত স্টিয়ারিং ও পিআইসির কোন সভা অনুষ্ঠিত হয়নি বলে উপপ্রকল্প পরিচালক অবহিত করেন।

১৫। Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে) : ×

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ :

১৬। (ক) পরিদর্শনকৃত এলাকা : প্রকল্পের ভূমি অধিগ্রহণ কাজ সম্পন্ন হয়নি বিধায় নির্মাণ কাজ শুরু হয়নি ।এ কারণে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়নি । তবে প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন করা হয় এবং সেখানে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনাপূর্বক সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ করা হয়।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ : ইতোপূর্বে প্রকল্পটি পরিদর্শন করা হয়নি।

১৭। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ :

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপির সংস্থান প্রতিপালন :
"ঢাকা শহর সন্নিকটবর্তী ১০ সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" প্রকল্পের আওতায় পিআইইউ এর জন্য ২টি যানবাহন, ৪২টি কম্পিউটার, ১৫টি সরঞ্জামাদি ও ২১০টি আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে মর্মে প্রকল্পের উপপ্রকল্প পরিচালক জনাব হারুন-অর-রশিদ জানান। অবশিষ্ট অঙ্গের বিপরীতে কোন ব্যয় সম্পন্ন হয়নি বলে দেখা যায় ;

ক. ১. অনুমোদিত ডিপিপি-তে ২০ একর ভূমি অধিগ্রহণ বাবদ ৪০০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের সংস্থান আছে। উপপ্রকল্প পরিচালকের কাছ থেকে জানা যায় ১০টি বিদ্যালয়ের জন্য ১০টি ভূমি প্রাথমিকভাবে চিহ্নিতকরণ করা হয়েছে। প্রস্তাবিত ১০টি বিদ্যালয়ের মধ্যে ঢাকা জেলার ৩টি সাভারে, ১টি ধামরাইয়ে, ১টি কেরাণীগঞ্জে, ১টি খিলক্ষেতে, ১টি ভাটারায়, ১টি পূর্বাচলে ও ২টি নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে জমি চিহ্নিত করা হয়েছে। জমি চিহ্নিতকরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ৮ সদস্য বিশিষ্ট একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয় এবং পরবর্তীতে আরও ৩জন সদস্যকে উক্ত কমিটিতে কোঅপ্ট করে অন্তর্ভুক্ত করা হয়। জমি চিহ্নিতকরণ বিষয়ে বর্ণিত কমিটি সুপারিশ প্রদান করে। ১০টির মধ্যে ৮টির জন্য ভূমি অধিগ্রহণ করা হবে এবং কেরাণীগঞ্জ ও পূর্বাচলে অবস্থিত জমি ৯৯ বছরের জন্য লীজ গ্রহণ করা হবে। কেরাণীগঞ্জের জমি খাস খতিয়ানভূক্ত হওয়ার কারণে ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে এবং পূর্বাচলের জন্য রাজউক এর সঙ্গে ৯৯ বছরের লীজ দলিল সম্পাদিত হবে। প্রতিটি বিদ্যালয়ের জন্য ২ একর করে জমি অধিগ্রহণ/বন্দোবস্ত নেয়া হবে। অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ৮টি জমির প্রত্যয়ন পত্র সংগ্রহ করা হয়েছে মর্মে উপপ্রকল্প পরিচালক অবহিত করেন ; এবং

ক. ২. প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে সরবরাহকৃত তথ্য অনুসারে ২০১৭-১৮ অর্থ বছরে এবং জুলাই ২০১৮ মাসে কর্মচারীদের বেতন বাবদ কোন ব্যয় সম্পন্ন হয়নি। এ বিষয়ে জানতে চাইলে উপপ্রকল্প পরিচালক জানান যে উল্লিখিত সময়ে কর্মচারী নিয়োগ করা হয়নি বিধায় কোন ব্যয় সম্পন্ন হয়নি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ : পণ্য, কার্য ও সেবা ক্রয়ে প্রচলিত আইন/বিধি অনুসরণ হয়েছে মর্মে উপপ্রকল্প পরিচালক অবহিত করেন।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত) : ×

- সম্পাদিত কাজ :
- ব্যবহৃত পণ্য/উপকরণ :

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে) : ×

ঙ.	বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা (যদি থাকে) : বাস্তবায়নকালে ভূমি অধিগ্রহণের জন্য জমি চিহ্নিতকরণের সময় ভূমি মালিকগণ ভূমি অধিগ্রহণে আপত্তি প্রদান করেন। যেমন ঢাকার নূরেরচালায় অবস্থিত জমি চিহ্নিতকরণের সময় ভূমি মালিক ভূমি অধিগ্রহণের পক্ষে আপত্তি জানালে তা পরবর্তীতে বাদ দিতে হয়।

চ.	সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে) : ×

ছ.	অন্যান্য বিষয় (যদি থাকে) : ×

১৮।	সার্বিক পর্যবেক্ষণ :
জুলাই ২০১৮ পর্যন্ত প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ১৯৮.৬৮ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ০.২৯% ।

১৯।	প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা :

| চিত্র | বর্ণনা |
|---|---|
|  | চিত্র ১ : প্রকল্প পরিচালকের অফিস কক্ষে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বাস্তবায়ন বিষয়ে আইএমইডি এর মহাপরিচালকের আলোচনা। |
|  | চিত্র ২ : ঢাকার জোয়ারসাহারায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য প্রস্তাবিত জায়গা। |
|  | চিত্র ৩ : ভূমি নির্বাচন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সদস্যগণ ঢাকার সাতারকুল এলাকায় সরেজমিনে প্রস্তাবিত জায়গা পরিদর্শন করেন। |

| | |
|---|---|
|  | চিত্র ৪ : নারায়ণগঞ্জের চিটাগাং রোডের পাশে মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রস্তাবিত জায়গা পরিদর্শনে যান। |
|  | চিত্র ৫ : নারায়ণগঞ্জের সাইনবোর্ড এলাকায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য প্রস্তাবিত জায়গা। |
|  | চিত্র ৬ : সাভারের নবীনগর এলাকায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য ভূমি নির্বাচন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সদস্যগণ প্রস্তাবিত জায়গায় পরিদর্শনে যান। |
|  | চিত্র ৭ : কেরাণীগঞ্জ উপজেলার পশ্চিমদী মৌজায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য প্রস্তাবিত জায়গার সামনে ভূমি নির্বাচন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সদস্যগণ। |

২০। সুপারিশ/মতামত :

২০.১। জুলাই ২০১৮ পর্যন্ত প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ১৯৮.৬৮ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ০.২৯% । অনুমোদিত ডিপিপির বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে প্রকল্পের ১ম বছরে অর্থাৎ জুন ২০১৮ পর্যন্ত ২০৮৩৭.৮০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ছিল। জুন ২০১৮ পর্যন্ত লক্ষ্যমাত্রা অপেক্ষা ২০৬৩৯.১২ লক্ষ টাকা কম ব্যয় সম্পন্ন হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে উক্ত ঘাটতি পুরণপূর্বক চলমান অর্থ বছরের লক্ষ্যমাত্রা পুরণের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৮) ;

২০.২। ২০১৭-১৮ অর্থ বছরে এবং জুলাই ২০১৮ মাসে কর্মচারীদের বেতন বাবদ কোন ব্যয় সম্পন্ন হয়নি। এ বিষয়ে জানতে চাইলে উপপ্রকল্প পরিচালক জানান যে উল্লিখিত সময়ে কর্মচারী নিয়োগ করা হয়নি বিধায় কোন ব্যয় সম্পন্ন হয়নি। অবিলম্বে প্রকল্পের জন্য কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে। কারণ ঘাটতি জনবল দ্বারা প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করা কষ্টকর হবে (অনুচ্ছেদ ১৭.ক.২) ;

২০.৩। পরিদর্শনের সময় পর্যন্ত ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্ন হয়নি বিধায় প্রকল্পের নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি। দ্রুততম সময়ের মধ্যে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্নের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা/সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ;

২০.৪। ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ডিপিপির বাৎসরিক বরাদ্দ অপেক্ষা ২০৬১১.৮০ লক্ষ টাকা কম বরাদ্দ প্রদান করা হয়। অনুরুপভাবে ২০১৮-১৯ অর্থ বছরে এডিপিতে ডিপিপির বাৎসরিক বরাদ্দ অপেক্ষা ১৯২১৮.৮৪ লক্ষ টাকা কম বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজন হলে আরও বরাদ্দের প্রয়োজন হবে। সেক্ষেত্রে আরএডিপিতে চাহিদা অনুসারে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা/সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে ;

২০.৫। অনুমোদিত ডিপিপির বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৮-১৯ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের প্রক্রিয়া সম্পন্নপূর্বক পূর্তকাজ শুরু করার জন্য নির্ধারিত আছে। উক্ত সময়ের মধ্যে আবশ্যিকভাবে ভূমি অধিগ্রহণ/বন্দোবস্তের প্রক্রিয়া সম্পন্ন করে পূর্তকাজ শুরু করার বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে ;

২০.৬। নির্মাণ কাজ শুরু করার পূর্বে স্কুল ভবনের নক্সা প্রণয়ন/অনুমোদনকালে টানা বারান্দা এবং ঘুলগুলির সংস্থান আবশ্যিকভাবে রাখতে হবে ;

২০.৭। অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর সভা ৩ মাস অন্তর অনুষ্ঠানের সংস্থান আছে। কিন্তু এ যাবত প্রকল্পের কোন স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর কোন সভা অনুষ্ঠিত হয়নি। অতএব দ্রুত স্টিয়ারিং কমিটি ও পিআইসি এর সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা বাঞ্ছনীয় হবে (অনুচ্ছেদ-১৪) ;

২০.৮। এ যাবত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি বিধায় যথাসময়ে তা সম্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৩) ; এবং

২০.৯। অনুচ্ছেদ ২০.১ থেকে ২০.৮ এর আলোকে গৃহীত ব্যবস্থার বিষয়ে আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।

পরিদর্শনকারী কর্মকর্তা

স্বাক্ষর : (স্বাক্ষরিত) ২৮/৮/২০১৮

নাম : নাসিমা মহসিন
পদবী : মহাপরিচালক (যুগ্মসচিব)
ফোন নম্বর : ৯১১৮৩৫৪